10

৩

তারিখ 02 OCT 1993
পৃঃ ১ কলাম ৪

দৈনিক সংবাদ

# চীনা সরকারের দেয়া ৯টি শিক্ষা বৃত্তি বাতিল হয়ে গেছে

।। সারোয়ার হোসেন ।।

শিক্ষা মন্ত্রণালয়ের গাফিলতির কারণে চলতি ১৯৯৩-৯৪ শিক্ষাবর্ষে সাংস্কৃতিক বিনিময় চুক্তির অধীনে চীনা সরকারের দেয়া ৯টি শিক্ষাবৃত্তি বাতিল হয়ে গেছে।

দূতাবাস ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট সূত্রগুলো থেকে জানা গেছে, চলতি বছরের ২১শে এপ্রিল চীনা দূতাবাস বৃত্তিগুলো বরাদ্দের কথা জানিয়ে শিক্ষা মন্ত্রণালয়কে প্রার্থীদের মনোনয়ন পাঠানোর জন্য চিঠি দেয়। শিক্ষা মন্ত্রণালয় মনোনয়নপ্রাপ্ত প্রার্থীদের চীনা দূতাবাসে না পাঠিয়ে ভুলক্রমে পররাষ্ট্র মন্ত্রণালয়ে পাঠিয়ে দেয়। এ ঘটনাটি ঘটে গত ৭ই জুলাই। পরবর্তীতে ভুলটি ধরা পড়লে শিক্ষা মন্ত্রণালয় একই মাসের ১৪ তারিখ পররাষ্ট্র মন্ত্রণালয় থেকে কাগজপত্রগুলো ফেরত নিয়ে আসে। পরের দিনই সেগুলো চীনা দূতাবাসে পাঠিয়ে দেয়া

বৃত্তি ঃ পৃঃ ৬ কঃ ৫

## বৃত্তি ঃ বাতিল হয়ে গেছে

( ১ম পৃষ্ঠার পর )

হয়; কিন্তু ইতিমধ্যেই বৃত্তিগুলোর মেয়াদ শেষ হয়ে যায়। একই সাথে ১৫ই জুলাই থেকে ২২শে আগস্ট পর্যন্ত চীনের সকল কলেজ-বিশ্ববিদ্যালয় বন্ধ থাকায় বৃত্তিগুলোর ব্যাপারে কোন বিশেষ ব্যবস্থাও নেয়া সম্ভব হয়নি। ফলে বৃত্তিগুলো ফেরত আসে।